ডাসারে মোস্তফাপুর, মাদারীপুর হাইওয়ে পুলিশের আয়োজনে কমিউনিটিং সভা অনুষ্ঠিত

মাদারীপুর প্রতিনিধি:- পুলিশই জনতা, জনতাই পুলিশ’ এই স্লোগানকে সামনে রেখে মাদারীপুর জেলার ডাসার উপজেলার আওতাধীন ঢাকা-বরিশাল মহাসড়কের হাইওয়ে পুলিশের কমিউনিটি পুলিশিং সভা অনুষ্ঠিত হয়েছে।
শুক্রবার (৬ নভেম্বার) বিকাল ৪ ঘটিকার সময় ঢাকা-বরিশাল মোস্তফাপুর হাইওয়ে থানার আয়োজনে পাথুরিয়ারপার,মীর সেকান্দার আলী সুপার মার্কেটে কমিউনিটি পুলিশিং সভা অনুষ্ঠিত হয়।
পুলিশিং সভায় সভাপতিত্বে ছিলেন,পাথুরিয়ারপার বাজার কমিটির সভাপতি ও পুলিশিং কমিটির সভাপতি মোঃ মতিয়ার রহমান হাওলাদার, বাজার কমিটির সাধারন সম্পাদক ইদ্রিস হাওলাদার, অনুষ্ঠানের সঞ্চালনায় ছিলেন, ডাসার উপজেলা রিপোর্টার্স ইউনিটির সভাপতি, সাংবাদিক হেমায়েত হোসেন খান।
এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মোস্তফাপুর, মাদারীপুর, হাইওয়ে পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান ও হাইওয়ে পুলিশের অন্যান্য কর্মকর্তাবৃন্দ। এছাড়াও অন্যান্যদের মধ্যে মধ্যে উপস্থিত ছিলেন,ডাসার থানা,ডি এস বি অফিসার এস আই অহিদুজ্জামান।
অনুষ্ঠানে বক্তব্য রাখেন কমিউনিটি পুলিশিং ডাসার উপজেলা শাখার সভাপতি মতিয়ার রহমান হাওলাদার, বাজার কমিটির সাধারন সম্পাদক ইদ্রিস হাওলাদার,ডাসার উপজেলা রিপোর্টার্স ইউনিটির সভাপতি মোঃ হেমায়েত হোসেন খান, সহ-সভাপতি সৈয়দ গোলাম মারুফ সহ অনেকেই। এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, পুলিশিং কমিটির সদস্য বাচ্চু তালুকদার, আক্তার তালুকদার,নাসির হাওলাদার, হালিম চৌধুরীসহ পুলিশিং কমিটির নেতৃবৃন্দ ও শতাধিক জনসাধারণের উপস্থিতিতে এসভা অনুষ্ঠিত হয়।
আলোচনা সভায় মোস্তফাপুর হাইওয়ে পুলিশের আয়োজনে ঢাকা-বরিশাল মহাসড়কের ডাসার উপজেলাধীন এলাকায় যানবাহন চলাচলসহ সড়ক সড়ক দুর্ঘটনা, অপরাধমূলক কর্মকাণ্ড সহ সড়কে বিভিন্ন অপরাধের বিষয়ে আলোচনা করা হয়।